



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে রাজশাহী'র সিটিজেন চার্টার কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে ০৫/১০/২০২১ তারিখ মঙ্গলবার বিকাল ৩.১৫ ঘটিকায় অত্র শিক্ষা বোর্ডের সভা কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত প্রধান মূল্যায়ন অফিসার জনাব এস.এম. গোলাম আজম, সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

১. মো: দুরুল হোদা, উপ- সচিব (ভান্ডার), শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য	অনুপস্থিত
২. মো: হোসেন আলী, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত
৩. মো: মাসুদ রানা, ডাটা এন্ট্রি কম্পি: অপা:, শিক্ষা বোর্ড রাজশাহী	বিকল্প ফোকাল পয়েন্ট	স্বাক্ষরিত
৪. জনাব মো: ফরমান আলী, সহকারী প্রোগ্রামার, শিক্ষা বোর্ড রাজশাহী	ফোকাল পয়েন্ট	স্বাক্ষরিত

আলোচ্য বিষয়-১ : সিটিজেন চার্টার তালিকার লাইন/রো সংক্ষিপ্ত করণ ও সংশোধন বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-১ : রাজশাহী শিক্ষা বোর্ডের পূর্বের যে সিটিজেন চার্টার তালিকা বর্তমান আছে সেই তালিকা থেকে যে লাইন/রো অপ্রয়োজনীয় এবং একই ধরনের কাজ কিন্তু জেএসসি/এসএসসি/এইচএসসি ক্ষেত্রে একই টাকা জমা প্রদান করা লাগে বা একই শাখায় কাজ করতে হয় সেগুলো এক রো/লাইন দেওয়া ও সংশোধন বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২ : বিদ্যালয় ও কলেজ শাখা থেকে তথ্য সংগ্রহ বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-২ : বিদ্যালয় ও কলেজ শাখা থেকে তথ্য সংগ্রহ করা হয় এবং যাচাই করার জন্য পুনরায় শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৩ : সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা, ২০২১-২০২২ বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-৩ : সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা, ২০২১-২০২২ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ওয়েব সাইটে প্রতি ত্রৈমাসিক তথ্য হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হল। ইহা ছাড়াও প্রশিক্ষণের বিষয়ে সংস্থাপন শাখাকে কার্যকর পদক্ষেপ নেয়ার ব্যাপারে অবহিতকরণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় : অত্র বোর্ডের তথ্য ও গনসংযোগ কর্মকর্তা জনাব শামীমা আক্তার মন্ত্রনালয় কর্তৃক সিটিজেন
বিবিধ চার্টার কার্যক্রম বিষয়ে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত- : অত্র বোর্ডের তথ্য ও গনসংযোগ কর্মকর্তা জনাব শামীমা আক্তার মন্ত্রনালয় কর্তৃক সিটিজেন
চার্টার কার্যক্রম বিষয়ে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেণ বিধায় জনাব শামীমা আক্তার,
তথ্য ও গনসংযোগ কর্মকর্তাকে অত্র বোর্ডের সিটিজেন চার্টার কমিটির আহবায়ক আমন্ত্রন
জানান এবং সিটিজেন চার্টার প্রশিক্ষণ বিষয়ে যে সকল তথ্য ও জ্ঞান অর্জন করেন তা উক্ত
সভায় উপস্থাপন করতে বলা হলে তিনি তা উপস্থাপন করেন এবং সকল সদস্য তা অবগত হয়ে
সে বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উক্ত কমিটির আহবায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত করেন।



জনাব এস.এম. গোলাম আজম

আহবায়ক

সিটিজেন চার্টার কার্যক্রম বাস্তবায়ন
কমিটি

ও

প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্বাক্ষর:

জনাব মো: দুরুল হোদা
সদস্য

সিটিজেন চার্টার কার্যক্রম বাস্তবায়ন
কমিটি

ও

উপ-সচিব (ভান্ডার) (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী




জনাব মো: হোসেন আলী

সদস্য

সিটিজেন চার্টার কার্যক্রম বাস্তবায়ন
কমিটি

ও

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী




জনাব মো: মাসুদ রানা

বিকল্প ফোকাল পয়েন্ট

সিটিজেন চার্টার কার্যক্রম বাস্তবায়ন কমিটি

ও

ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



জনাব মো: ফরমান আলী

ফোকাল পয়েন্ট

সিটিজেন চার্টার কার্যক্রম বাস্তবায়ন কমিটি

ও

সহকারী প্রোগ্রামার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী